# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৯৩৪ তারিখঃ ১৭/০১/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

৫৯৫ তম কমিশন সভা অদ্য ১৭/০১/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. অদ্যকার সভায় কমিশন, Saif Powertec Limited এর রাইট শেয়ার (১ R : ১ অর্থাৎ বিদ্যমান ১টি সাধারণ শেয়ারের বিপরীতে ১টি সাধারণ শেয়ার রাইটস শেয়ার হিসেবে প্রদান) এর প্রস্তাব অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Saif Powertec Limited, ১১,৬২,৯৫,৩৪৮ টি সাধারণ শেয়ার প্রতিটি ১৫ টাকা মূল্যে (প্রতি শেয়ার টা: ৫/- প্রিমিয়ামসহ) বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি পেল। এর মাধ্যমে কোম্পানিটি ১৭৪,৪৪,৩০,২২০/- টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে ব্যাংক লোন পরিশোধ এবং ব্যবসায় সম্প্রসারণের (ব্যাটারী প্রজেক্ট সম্প্রসারণ) মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করবে। ২০১৬ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী কোম্পানীটির শেয়ার প্রতি NAV টাঃ ২৩.২২ এবং শেয়ার প্রতি আয় টা: ৪.৩৮। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে যৌথভাবে Banco Finance and Investment Limited এবং ICB Capital Management Limited কাজ করছে।

২. কমিশন অদ্যকার সভায় "অষ্টম আইসিবি ইউনিট ফান্ড" -এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, "অষ্টম আইসিবি ইউনিট ফান্ড"টি মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund) -এ রূপান্তরিত হয়েছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা ৪০ কোটি টাকা মাত্র। "অষ্টম আইসিবি ইউনিট ফান্ড" -এর সম্পদ ব্যবস্থাপক ছিল ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। রূপান্তরিত ফান্ড "অষ্টম আইসিবি ইউনিট ফান্ড" -এর সম্পদ ব্যবস্থাপক হিসেবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

৩. Associated Capital Securities Limited (CSE TREC No. 63) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) Consolidated Customer Bank Account -এ ১১,১৫৩,৩৮৭.৫৫ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule (8A) (1) লংঘন এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ এর লংঘন;

খ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয় বিক্রয়ে আর্থিক নেটিং সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 এর লংঘন; এবং

গ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Associated Capital Securities Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Alliance Securities & Management Limited (DSE TREC No. 137) -এ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) Alliance Securities & Management Limited কর্তৃক পরিচালক ও তাদের আত্মীয়দেরকে শেয়ার ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 লংঘন;

খ) ঋন চুক্তি ব্যতিরেকে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(2) এর লংঘন; এবং


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

গ) অনুমোদিত সীমার অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No:- SEC/CMRRCD/2009-193/135 তারিখঃ September 30, 2012 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Alliance Securities & Management Limited -কে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়াও:

(i) Alliance Securities & Management Limited পরিদর্শনের তারিখে উদ্ঘাটিত নিম্নলিখিত পরিচালক ও তাদের আত্মীয়দেরকে বেআইনীভাবে ঋণ প্রদান করেছে ঃ

| ক্রমিক নং | নাম | পরিদর্শনের তারিখে ঋণের পরিমাণ | পরিচালকদের সাথে সম্পর্ক |
|---|---|---|---|
| ০১ | লক্ষণ কুমার সাহা এবং শিপরা রানী সাহা | ১৮,৩২,২৪৪ টাকা থেকে ৬১,১৮,৪২৪ টাকা | ব্যবস্থাপনা পরিচালক জনাব মাধব চন্দ্র দাশ এর যথাক্রমে শ্যালক ও বোন। |
| ০২ | সঞ্জয় কুমার সাহা | ১৯,৮০,৫৯৫ টাকা থেকে ৪৭,৭৬,৪০১ টাকা | ব্যবস্থাপনা পরিচালকের ভাগিনা/ভাতিজা। |
| ০৩ | মাধব চন্দ্র দাশ | ২,৭৭,৭২,১৬০ টাকা থেকে ২,৭৯,২৩,০৭৯ টাকা | ব্যবস্থাপনা পরিচালক। |
| ০৪ | নারায়ন চন্দ্র দাশ | ২,৪২,৯৭,৮২৩ টাকা থেকে ৩,৬২,১৫,৭৯১ টাকা | ব্যবস্থাপনা পরিচালকের পিতা। |
| ০৫ | মাধবী রাণী দাশ | ৩১,০৪,৩০০ টাকা থেকে ৩৬,৪৯,৬৯২ টাকা | ব্যবস্থাপনা পরিাচলক এর স্ত্রী। |
| ০৬ | অমিতা পোদ্দার | ১১,৭৩,৪৭৫ টাকা থেকে ১১,৭৩,৪৬৬ টাকা | পরিচালক জনাব তপন কৃষ্ণ পোদ্দার এর বোন। |
| ০৭ | গৌতম মনি দাশ | ৬,৩২,৬৪,২৫৭ টাকা থেকে ৬,৬৪,৯৬,৪২২ টাকা | পরিচালক জনাব পার্থ প্রতীম দাশ এর ভাই। |
| ০৮ | লোকনাথ সিংহ রায় | ৪৯,৪৪,২৫৭ টাকা থেকে ৮৫,৪৩,০৬৩ টাকা | ব্যবস্থাপনা পরিচালক এবং লোকনাথ সিংহ রায়ের ঠিকানা একই এবং ব্যবস্থাপনা পরিচালকের পিতা হিসাব পরিচালানর জন্য অনুমোদিত ব্যক্তি। |
| ০৯ | শিল্পী রায় | ৪,৮০,৬১,১৪০ টাকা থেকে ৪,৯০,৬৯,৫৭৬ টাকা | চেয়ারম্যান জনাব পঙ্কজ রায় এর স্ত্রী। |
| ১০ | শিল্পী রায় এবং সুস্মিতা রায় | ৫,৩৫,৬৫,৩৩২ টাকা থেকে ৫,৬১,৮২,৩৬২ টাকা | চেয়ারম্যান জনাব পঙ্কজ রায় এর যথাক্রমে স্ত্রী ও বোন। |
| ১১ | পংকজ রায় ও রুপমা রায় | ১,৫৯,৮৪,০৬৭ টাকা থেকে ১,৬৪,২৮,৩৭৪ টাকা | চেয়ারম্যান জনাব পংকজ রায় এবং তার অপর স্ত্রী। |

কমিশন আজকের সভায় উপরোক্ত সমুদয় ঋণ সুদাসলে আগামী ১৯/০২/২০১৭ তারিখের মধ্যে সমন্বয় করণ পূর্বক কমিশনকে অবহিত করার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ii) কমিশন আজকের সভায় Alliance Securities & Management Limited এর Consolidated Customer Bank Account এর বিষয়ে তদন্ত পরিচালনার জন্য ২জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

(iii) পরিচালক ও তাদের আত্মীয়-স্বজনদের প্রদত্ত বেআইনী ঋণ সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত Alliance Securities & Management Limited নিম্নবর্ণিত কার্যাবলী পরিচালনা থেকে বিরত থাকবে মর্মে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) Alliance Securities & Management Limited এর পরিচালকদের কোন পারিতোষিক প্রদান;

খ) Alliance Securities & Management Limited -এর পরিচালকদের -কে কোন প্রকার ডিভিডেন্ট প্রদান;

গ) পরিচালকদের ঋণ বা অগ্রিম প্রদান;

ঘ) প্রশাসনিক ব্যয় এবং দৈনন্দিন কার্যনির্বাহ ব্যতিত কোম্পানীর রিটেইন্ড আর্নিংস ও রিজার্ভ ফান্ড থেকে অর্থ প্রদান ও উত্তোলন;

ঙ) Alliance Securities & Management Limited -এর পরিচালক এবং তাদের আত্মীয়-স্বজনকে মার্জিন ঋণ প্রদান; এবং

চ) উপরোল্লিখিত নিষেধাজ্ঞা ব্যতিত অন্যান্য সকল লেনদেন কোম্পানীর আর্টিকেলস অব এ্যাসোসিয়েশন এর আর্টিকেল ৪৩ অনুযায়ী সম্পাদন।

৫. Social Islami Bank Limited (SIBL) এর ৪০০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৬ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Non-listed, Fully Redeemable Subordinated Bond। বন্ডটি ০৬ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, কর্পোরেট হাউজ, অ্যাসেট ম্যানেজমেন্টে কোম্পানীসমূহ, মিউচ্যুয়াল ফান্ড এবং সাধারণ বিনিয়োগকারীগণ প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, SIBL এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II Supplementary Capital এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। এই বন্ডের মুনাফার হার ১২.৫ শতাংশ। বন্ডটির Issue Manager হিসেবে Banco Finance and Investment Limited দায়িত্ব পালন করছে।

27/03/2017

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।